গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২০৯ — তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮ / ৩০ জুন ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ৩০.০৬.২০২১ খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ টা

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ৩০ জুন ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

ভারী বর্ষণের সতর্ক বার্তা:

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে ২৯ জুন, ২০২১ তারিখ বিকাল ৩.০০টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি.) থেকে অতিভারী (≥৮৯ মি.মি.) বর্ষণ হতে পারে।

৩০ জুন ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ উত্তর প্রদেশ, হিমালয়ের পাদদেশীয়, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের উত্তরাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং

খুলনা বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা অপরিবর্তিত থাকতে পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবনতা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্রগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৩.০	২৮.০	৩৩.৫	৩২.৮	৩০.৭	৩০.২	৩৩.৬	৩৩.৮
সর্বনিম্ন তাপমাত্রা	২৩.০	২৪.০	২৪.৫	২৪.৮	২৪.৪	২৪.১	২৪.৫	২৫.৪

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল বরিশাল ৩৩.৮^{o} সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা টাঙ্গাইল ২৩.০^{o} সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ২৪ ঘণ্টায় বৃদ্ধি পেতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় সুরমা নদী সুনামগঞ্জ ও তিস্তা নদী ডালিয়া পয়েন্টে বিপদসীমা অতিক্রম করতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৭২ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল, দক্ষিণ-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ, সিকিম, আসাম, মেঘালয় ও ত্রিপুরা প্রদেশের স্থানসমূহে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এর ফলে এই সময়ে দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার, ব্রহ্মপুত্র, উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকা এবং দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পার্বত্য অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ১৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ/৩০ জুন ২০২১খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-	-

বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
লরেরগড়	২০০.০	গাইবান্ধা	১৮৩.০	সুনামগঞ্জ	১৭৫.০
দুর্গাপুর	১৬৬.০	মহেশখোলা	১৪১.০	ছাতক	১২৭.০

নাকুয়াগাঁও	১২৫.০	জারিয়াজঞ্জাইল	১০৪.০	দেওয়ানগঞ্জ	১০০.০
কক্সবাজার	৯৪.০	লালাখাল	৯২.০	জাফলং	৮৬.০
কুড়িগ্রাম	৮৪.০	রংপুর	৭৮.০	ময়মনসিংহ	৭০.০
দিনাজপুর	৬৬.০	জামালপুর	৬১.০	ঢাকা	৫৪.০
নারায়ণহাট	৫২.০	ডালিয়া	৫১.০	জকিগঞ্জ	৫০.০

গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	**বৃষ্টিপাত (মি.মি.)**	**স্টেশন**	**বৃষ্টিপাত (মি.মি.)**	**স্টেশন**	**বৃষ্টিপাত (মি.মি.)**
চেরাপুঞ্জি	২২১.০	আইযল	৯৫.০	ধুবরি	৬৬.০
পাসিঘাট	৪২.০	শিলং	৪২.০	গোয়ালপাড়া	৪১.০

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০১	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৭৫	গেজ পাঠ পাওয়া যায়নি	ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি)
হ্রাস	২২	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৩	**বিপদসীমার উপরে**	০

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৭ জুন, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৮ জুন, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৪ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতেরসংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	**বিভাগের নাম**	**অগ্নিকান্ডের সংখ্যা**	**আহতের সংখ্যা**	**নিহতের সংখ্যা**
১।	ঢাকা	৫	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	২	০	০
৭।	চট্টগ্রাম	৪	০	০
৮।	খুলনা	০	০	০
	মোট	**১৪**	**০**	**০**

বিস্ফোরণঃ মগবাজার, ঢাকা: জেলা প্রশাসন, ঢাকা এর স্মারক নং- ০৫.৪১.২৬০০.০১৮.৪০.০০৪.২০.৪৬, তারিখঃ ২৮/০৬/২০২১ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছেন যে, ২৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ আনুমানিক সন্ধ্যা ৭.৩০ ঘটিকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ১৯ নং ওয়ার্ড বড় মগবাজার সার্কুলার রোড ৩ তলা ভবনে বিস্ফোরণ ঘটে। বিস্ফোরণের সংবাদ অবহিত হয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১৪ টি ইউনিট ঘটনাস্থলে উপস্থিত হয়ে উদ্ধার কার্যক্রম পরিচালনা করেন। বিস্ফোরণে ৭ (সাত) জন নিহত এবং ৩৮ জন আহত হয়েছে। আহত ব্যক্তিদের উদ্ধার করে ১৪ জনকে শেখ হাসিনা বার্ণ হাসপাতালে এবং ২৪ জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিস্ফোরণের সংবাদ অবহিত হয়ে জেলা প্রশাসকের কর্মকর্তাগণ ঘটনাস্থল পরিদর্শন করেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক বিস্ফোরণে নিহত

আবুল কাসেম মোল্লা (৪৫), পিতা- মৃত হালিম মোল্লা এবং মোস্তাফিজ (২০) এর মরদেহ দাফন-কাফন ব্যয় বাবদ ২০,০০০/- টাকা করে মোট ৪০,০০০/- টাকা নিহতদের স্বজনদের মধ্যে বিতরণ করা হয়েছে। নিহত অপর ৫ জনের পরিচয় না পাওয়ায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে মরদেহ সংরক্ষণ করা হয়েছে। বিস্ফোরণের কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষ থেকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কার্যক্রম অব্যাহত আছে।

বজ্রপাতের তথ্যঃ

চুয়াডাঙ্গা: ২৯/০৬/২০২১ খ্রিঃ তারিখে বজ্রপাতে ১ জন নিহত ও ২ জন আহত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে আহত ২ জনের জন্য ৭,৫০০/- করে মোট ১৫,০০০/- প্রদান করা হয়েছে। নিহতের তালিকা নিম্নে দেয়া হলো-

ক্রঃনং	জেলা	নাম ও ঠিকানা	ঘটনার সময় ও তারিখ	মন্তব্য
১।	চুয়াডাঙ্গা	নাম- খাইরুল ইসলাম (৩৪), পিতা- শুকুর মন্ডল, গ্রাম- ভোগাইল বগাদী, ইউনিয়ন- ভাংবাড়ীয়া, উপজেলা- আলমডাঙ্গা	২৯.০৬.২০২১	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে মৃত ব্যক্তির জন্য ২০,০০০/- প্রদান করা হয়েছে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ

১। ২৭/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২৪৬ নম্বর স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কোভিড-১৯ উপলক্ষে লকডাউন চলমান থাকায় দরিদ্র, দুঃস্থ, অস্বচ্ছল ও কর্মহীন জনগোষ্ঠীর মাঝে ৬৪টি জেলার অনুকূলে মোট ১১,৯৩,০০,০০০/- (এগার কোটি তিরানব্বই লক্ষ) টাকা মানবিক সহায়তাপ্রদান করা হয়েছে।

২। ২৭/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২৪৭ নম্বর স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কোভিড-১৯ উপলক্ষে লকডাউন চলমান থাকায় দরিদ্র, দুঃস্থ, অস্বচ্ছল ও কর্মহীন জনগোষ্ঠীর মাঝে ৬৪টি জেলার অনুকূলে মোট ১১,৬৭,৭৫,০০০/- (এগার কোটি সাতষট্টি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা মানবিক সহায়তাপ্রদান করা হয়েছে।

৩০-৬-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২০৯/১(১৭১)

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮ / ৩০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯) জেলা প্রশাসক (সকল)

১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৩০-৬-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা